

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা- ১৬ (কারিগরি-২)
www.moedu.gov.bd

নং- শা:১৬/স্বীকৃতি (কমিটি) ৬-৬/২০১০(অংশ-১)

তারিখ : ০৭ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
২১ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ


বিষয় : বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে, ২০১৫ সালের শুরু থেকে শিক্ষা মন্ত্রণালয় বা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপন, পাঠদান বা শাখাখোলা ইত্যাদি অনুমোদনের ক্ষেত্রে নীতিমালার শর্তসমূহ কঠোরভাবে পালনের পাশাপাশি ২০টি সচল কম্পিউটার সমৃদ্ধ ল্যাব, ইন্টারনেট সংযোগ, নিজস্ব ওয়েবসাইট ইত্যাদি বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু ২০১৫ সালের পূর্বে অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের অনেকগুলো সম্পর্কে বিভিন্ন সময়ে নানা দুর্বলতার অভিযোগ পাওয়া যাচ্ছে। তাছাড়া পূর্বে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদনপ্রাপ্ত এসব প্রতিষ্ঠানসমূহে ১০টি কম্পিউটারের ল্যাব থাকার শর্ত প্রযোজ্য ছিল। অনেকগুলো প্রতিষ্ঠানের নিজস্ব জমি নেই, ভবন নেই, অবকাঠামো নেই, সংরক্ষিত তহবিল, সাধারণ তহবিল, লাইব্রেরি, আসবাবপত্র, যন্ত্রপাতি, খেলার মাঠ এবং শিক্ষক-ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক পৃথক ওয়াশরুম ইত্যাদি নেই বলে অভিযোগ আছে। সারাদেশে সবগুলো কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে মানের সমতা থাকা প্রয়োজন।

০২। বর্ণিতাবস্থায়, সারা দেশে কারিগরি শিক্ষার মানোন্নয়ন ও তথ্য প্রযুক্তি সমৃদ্ধ আধুনিকায়নের লক্ষে শিক্ষা মন্ত্রণালয় / কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ২০১৫ সাল পূর্ববর্তী অনুমোদনপ্রাপ্ত সকল বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি সংযুক্ত ছক (ছক-১ ও ছক-২) মোতাবেক সংগ্রহপূর্বক প্রয়োজনীয় শর্ত পূরণের উদ্যোগ নেয়া প্রয়োজন। এ বিষয়ে ২০১৫ সালের পূর্বে অনুমোদনপ্রাপ্ত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেকনটাইল, কৃষি ডিপ্লোমা, এইচ.এস.সি. (বি.এম.), এস.এস.সি./দাখিল (ভোকেশনাল)-সহ কারিগরি কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠানের তথ্যাদি সংগ্রহপূর্বক একটি সারসংক্ষেপ আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব-জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামত।


মুহোব্বত চন্দ্র চৌধুরী
উপ সচিব

ফোনঃ ৯৫৬৪৫৫২

ds_tec2@moedu.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

স্থাপনের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ছক:

১	২	৩		৪		৫		৬			৭		৮			৯			১০		
		প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কোশা ও উপজেলা	প্রতিষ্ঠানের ধরণ	শ্রীতিমালার আওলাকে প্রাপ্যতা	বিনয়মান প্রতিষ্ঠানের সংখ্যা	উপজেলা	নিকাহ একই ধরনের প্রতিষ্ঠানের সংখ্যা	বাবস্থাপনা কমিটি আছে কিনা	সংস্কারিত অবস্থার পরিমাণ	সামগ্রিক অবস্থার পরিমাণ	বিদ্যুৎ সংযোগ আছে কিনা	নিষ্কাশন আছে কিনা	জান সংক্রান্ত তথ্য	নামস্কারি আছে কিনা (পরোক্ষ)	যোগাযোগ ব্যবস্থা	পানি পানিবহন	অন্যান্য		স্থানীয় প্রশাসন	কনসোর্টিয়াম
		(১)	(২)	(১)	(২)	(১)	(২)	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(১)	(২)	(১)	(২)	(৩)	(১)	(২)	(৩)	

প্রতিষ্ঠানের উন্নয়নে সরকারি অনুদান পাওয়া গেছে কিনা

